# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ০৫ জানুয়ারি, ২০১৫ |
| সময় | ঃ | সকাল ১১-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।
সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানানো হয় এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ ০৩ ডিসেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ ০৩ ডিসেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার সিদ্ধান্তসমূহ সম্মানিত সদস্য কর্নেল মোস্তাফিজুর রহমান, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস দৃঢ়ীকরণের প্রস্তাব করেন এবং সম্মানিত সদস্য ক্যাপ্টেন মীর এরশাদ আলী (জি), পিএসসি, বিএন, অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস তা সমর্থন করলে বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে নিশ্চিতকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ নভেম্বর, ২০১৪ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ নভেম্বর, ২০১৪ মাসে গৃহকর বাবদ ৬০,২২,০৮৪.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১৫,৩১,৭৩১.০০ টাকা আদায় হয়েছে। নভেম্বর ২০১৪ পর্যন্ত এ বছরের ক্রমপুঞ্জীভুত আদায় ২,২৯,৩৬,৯৬২.০০ টাকা যা মোট দাবীর ২৬.৭৭%। আদায় বৃদ্ধিতে আরো সচেষ্ট হওয়ার জন্য রাজস্ব শাখাকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩ঃ নভেম্বর, ২০১৪ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, নভেম্বর ২০১৪ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ২,১৩,০১,৩৪৯.২০ টাকা আয় হয়েছে। অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ সর্বমোট আয় ৪,৭৯,৬৪,১৫৩.৯৬ টাকা। নভেম্বর ২০১৪ মাসে সর্বমোট ব্যয় ৩,৪১,৮১,১৫৯.০০ টাকা।

আলোচ্যসূচী-৪ঃ নভেম্বর, ২০১৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ নভেম্বর, ২০১৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৫ঃ সাধারণ কোটায় প্রকাশ্য দরপত্রের মাধ্যমে ব্রিগেঃ জেনাঃ জি এম কামরুল ইসলাম, এনডিসি, পিএসসি এর নামে ইজারাকৃত রজনীগন্ধা টাওয়ার এর ২য় তলার ৬ নং দোকানটি সামরিক কোটায় সংরক্ষিত হিসেবে অন্তর্ভুক্ত করতঃ ইজারার অর্থ (সালামী) সামরিক কোটায় নির্ধারণের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ২১ ডিসেম্বর, ২০১৪ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.০৯.২১.১২.১৪ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ঃ রজনীগন্ধা সুপার মার্কেটেস্থ হার্ডস্ট্যান্ডের ভিটি ভাড়া দৈনিক ৭৫/- টাকার স্থলে ২৫/- টাকা নির্ধারণের আবেদনের বিষয়ে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২১ ডিসেম্বর, ২০১৪ তারিখের ৬১২/১/এ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটেস্থ হার্ডস্ট্যান্ডের ভিটি ভাড়া ইতোপূর্বে বোর্ডসভার সিদ্ধান্ত মোতাবেক ৭৫/- (পঁচাত্তর) টাকা হারে বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। আবেদনকারীগণকে বিষয়টি অবহিত করা হোক।

আলোচ্যসূচী-৭ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় ক্যাবল টিভি/ইন্টারনেট সার্ভিস প্রদানের জন্য অত্র দপ্তর হতে অনুমতি বাতিলকৃত ০৭(সাত)টি প্রতিষ্ঠানের মধ্যে তালুকদার ট্রেডিং কর্পোরেশন এর স্বত্ত্বাধিকারী লেঃ কর্নেল তালুকদার আলাউদ্দিন, পিএসসি, জি (অবঃ) এর ২১ সেপ্টেম্বর, ২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায়, মিরপুর ডিওএইচএস পরিষদ এর সুপারিশক্রমে ডিজিএফআই এর নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তির পর বোর্ডসভার অনুমোদনক্রমে মিরপুর ডিওএইচএস এলাকায় ক্যাবল টিভি/ইন্টারনেট সার্ভিস প্রদানের জন্য নিম্নবর্ণিত ০৭(সাত)টি প্রতিষ্ঠানকে অত্র দপ্তর কর্তৃক অনুমতি/ট্রেড লাইসেন্স প্রদান করা হয় ঃ-

| ক্র/নং | ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম | অনুমোদনের তারিখ | ব্যবসার ধরন |
|---|---|---|---|
| ১। | স্যাটেলাইট ক্যাবল টিভি নেটওয়ার্ক (প্রাঃ) লিঃ, প্রোঃ-এস এম সামসুর রহমান (শিমুল) | ১১/৯/২০০৮ | ক্যাবল টিভি |
| ২। | ইউনাইটেড মাল্টিসিস্টেম নেট, প্রোঃ- গাজী গোলাম কিবরিয়া | ১৭/৯/২০০৮ | ক্যাবল টিভি |
| ৩। | তালুকদার ট্রেডিং কর্পোরেশন, প্রোঃ- লেঃ কর্নেল তালুকদার আলাউদ্দিন | ০৪/৬/২০০৯ | ক্যাবল টিভি ও ইন্টারনেট |

| | | | |
|---|---|---|---|
| ৪। | আইওটা ডিশ ক্যাবল, প্রোঃ- সৈয়দ শ...ন আহসান | ২৫/৬/২০০৯ | ক্যাবল টিভি |
| ৫। | আইডিয়াল ক্যাবল টিভি নেটওয়ার্ক, প্রোঃ- সৈয়দ হাবিব আলী | ০৯/৯/২০০৯ | ক্যাবল টিভি |
| ৬। | ...পটিম্যাক্স কমিউনিকেশন লিঃ, মেজর জেনারেল মঞ্জুর আহমেদ (অবঃ) | ১৪/১২/২০১০ | ইন্টারনেট |
| ৭। | ...লাইন ক্যাবল টিভি নেটওয়ার্ক, প্রোঃ- মোঃ আবু সাঈদ খান | ৩১/৫/২০১১ | ক্যাবল টিভি |

গত ১৬ নভেম্বর ২০১১ তারিখে অনুষ্ঠিত ক্যান্টনমেন্ট বোর্ডসভার আলোচ্যসূচী-২৭বিবিধ(৩) এর মাধ্যমে তালুকদার ট্রেডিং কর্পোরেশন সহ মিরপুর ডিওএইচএস এলাকায় ক্যাবল টিভি ও ইন্টারনেট সার্ভিস প্রদানকারী ০৭টি প্রতিষ্ঠানের অনুমোদন বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে 'স্যাটেলাইট ভিশন ক্যাবল টিভি (প্রাঃ) লিঃ' এর মালিক এস এম সামছুর রহমান (শিমুল) মাননীয় হাইকোর্টে ১০৩৭৩/২০১১ নং রীট পিটিশন দায়ের করেন। মাননীয় হাইকোর্ট উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ১৪ জুন ২০১২ তারিখ পর্যন্ত স্থগিতাদেশ প্রদান করেন। উল্লেখ্য যে, ক্যাবল টিভি ব্যবসা জন্য বার্ষিক ট্রেড লাইসেন্স ফি ২৫,০০০/-টাকা এবং ইন্টারনেট ব্যবসার জন্য বার্ষিক ট্রেড লাইসেন্স ফি ২৫,০০০/-টাকা। সেক্ষেত্রে একটি প্রতিষ্ঠান উভয় ব্যবসা করলে বার্ষিক ৫০,০০০/-টাকা ট্রেড লাইসেন্স ফি ধার্য রয়েছে। বিস্তারিত আলোচনান্তে মামলা নিষ্পত্তির পর ট্রেড লাইসেন্সসমূহ পুনঃনবায়নের কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি আবেদনকারীকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-৮ঃ গত ২৫ আগস্ট, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১২ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে গত ০৬ নভেম্বর, ২০১৪ তারিখে কচুক্ষেত পুরান বাজার এলাকার ২৭৩/৩ নং প্লটের মালিক ও ডেভলোপারের শুনানী গ্রহণ করে উভয় পক্ষের মামলা সংক্রান্ত কাগজাদি আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত বিস্তারিত পর্যালোচনান্তে আদালতে দায়েরকৃত মামলাসমূহ নিষ্পত্তির পর পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৯ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০ বছর মেয়াদী ৯০০ বর্গফুট বিশিষ্ট ৮৯ এবং ৯৪ নং শপ প্লট দু'টি নোটারীকৃত হলফনামামূলে স্ত্রী ও তিন কন্যার নামে নামজারি সহ ইজারা মেয়াদ নবায়নের বিষয়ে মাজেদা পারভীন, স্বামী- মরহুম মোঃ কাইয়ুম খান এর ৩০ নভেম্বর, ২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে বিষয়টি আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের এ/১২৯ নং দোকানটি বরাদ্দর প্রদানের বিষয়ে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৯ ডিসেম্বর, ২০১৪ তারিখের ৬১২/১/এ/১ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে গত ১৪ সেপ্টেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৯ এর সিদ্ধান্ত মোতাবেক আর্মি কোটায় বরাদ্দকৃত রজনীগন্ধা সুপার মার্কেটের এ/১২৯ নং দোকানটি বোর্ডের অনুকূলে পুনঃগ্রহণপূর্বক আর্মি কোটায় নতুনভাবে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি স্টেশন সদর দপ্তরকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-১১ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) মং টিন মইন, এনডিসি | ২১০ | মিরপুর ডিওএইচএস | ২৩/১২/২০১৪ | সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ২। | (ক) ব্রিগেঃ জেনাঃ শামুন জিয়া<br>(খ) লেঃ কর্ণেল এম এ মান্নান | ২৭৫<br>২৭৭ | মিরপুর ডিওএইচএস | | ২টি প্লটে যৌথভাবে সংশোধিত ০৭ তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| ৩। | ব্রিগেঃ জেনাঃ মোঃ আমিনুল ইসলাম, এনডিসি | ৪৬১/এ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৪। | লেঃ কর্ণেল মির্জা হারুন-অর-রশিদ, বিপি (অবঃ) | ৬১৬ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (খালী প্লট) |
| ৫। | (ক) উইং কমান্ডার(অবঃ) আনোয়ারুজ্জামান, পিএন<br>(খ) গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) মোহাম্মদ শাহজাহান<br>(গ) এয়ার কমোডর (অবঃ) মোহাম্মদ আব্দুর রউফ<br>(ঘ) মেজর (অবঃ) ডাঃ নুরুল ইসলাম | ৭৪০<br>৭৩৯<br>৭৪১<br>৭৪২ | মিরপুর ডিওএইচএস | ২৮/১২/২০১৪ | সংশোধিত ০৭ তলা (০৬ তলার উপর ০৭ তলা) |
| ৬। | কমান্ডার মোহাম্মদ শফিউল্লাহ শেখ, পিএন (অবঃ) | ৭৬২ | মিরপুর ডিওএইচএস | ২৮/১২/২০১৪ | নতুন ০৭ তলা ভবন |
| ৭। | উইং কমান্ডার মোস্তাফিজুর রহমান (অবঃ) | ৮৩৫ | মিরপুর ডিওএইচএস | ২৩/১২/২০১৪ | নতুন ০৭ তলা ভবন |
| ৮। | কমডোর আবুল কালাম মোহাম্মদ সাঈয়েদুর রহমান, পিএসসি (অবঃ) | ৮৩[illegible] | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৯। | (ক) হেলানা রীতা<br>স্বামী- লেঃ কর্ণেল (মৃত) মোঃ মনিরুল ইসলাম<br>(খ) মোঃ ইশায়াত ইসলাম সাকিব<br>(গ) তাসফিয়া আনাম<br>পিতা- লেঃ কর্ণেল (মৃত) মোঃ মনিরুল ইসলাম | ৮৬৯ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১০। | লেঃ কর্ণেল মোঃ আব্দুর রফিক (অবঃ) | ৮৭১ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১১। | লেঃ কর্ণেল মোঃ আজিজ আহমেদ (অবঃ) | ৮৮১ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১২। | গ্রুপ ক্যাপ্টেন এম ডি আব্দুল গাফফার (অবঃ) | ৯১৯ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১৩। | লেঃ কমান্ডার এ কে এম এ সালাম, বিএন | ৯২৪ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১৪। | লেঃ কর্ণেল গোলাম শাহনেওয়াজ (অবঃ) | ৯৫২ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১৫। | ব্রিগেঃ জেনাঃ মোঃ হাবিবুর রহমান | ৯৬১ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ১৬। | কমান্ডার মোঃ আলজার হোসেন, পিএসসি, বিএন (অবঃ) | ৯৬৫ | মিরপুর ডিওএইচএস | ২৮/১২/২০১৪ | নতুন ০৭ তলা ভবন |
| ১৭। | (ক) ব্রিগেঃ জেনাঃ আহসানুল হক মিয়া<br>(খ) ক্যাপ্টেন বিপন কুমার সাহা, বিএন | ৮৯১<br>৮৯৩ | মিরপুর ডিওএইচএস | ২৮/১২/২০১৪ | যৌথভাবে ২টি প্লটে বেজমেন্টসহ নতুন ০৭ তলা ভবন |
| ১৮। | ব্রিগেঃ জেনাঃ মোরশেদুল হক, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি | ১০৬৭ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১৯। | ব্রিগেঃ জেনাঃ আবু মুসা শারফ উদ্দিন, এনডিসি, পিএসসি | ১১২৭ | মিরপুর ডিওএইচএস | ২৩/১২/২০১৪ | সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ২০। | কমান্ডার মোহাম্মদ লোকমান চৌধুরী, বিএন (অবঃ) | ১১৬২ | মিরপুর ডিওএইচএস | ২৮/১২/২০১৪ | নতুন ০৭ তলা ভবন |
| ২১। | (ক) মোসাঃ হোসনে আরা বেগম<br>স্বামী-শহীদ কর্ণেল মোঃ আখতার হোসেন, পিএসসি<br>(খ) মোঃ ইমতিয়াজ হোসেন ফারাবী<br>পিতা- শহীদ কর্ণেল মোঃ আখতার হোসেন, পিএসসি<br>(গ) মোঃ ফয়সাল হোসেন ফাহমী<br>পিতা- শহীদ কর্ণেল মোঃ আখতার হোসেন, পিএসসি<br>(ঘ) মোঃ আন্দলিব হোসেন ফারদিন<br>পিতা- শহীদ কর্ণেল মোঃ আখতার হোসেন, পিএসসি | ১১৬৭ | মিরপুর ডিওএইচএস | ২৩/১২/২০১৪ | নতুন ০৭ তলা ভবন |
| ২২। | ব্রিগেঃ জেনাঃ সাহাদাত হোসেন শরীফ | ১১৭২ | মিরপুর ডিওএইচএস | ৮/১২/১৪ | নতুন ০৭ তলা ভবন |
| ২৩। | লেঃ কর্ণেল এস এম আব্দুল সালাম (অবঃ) | ১২১৩ | মিরপুর ডিওএইচএস | ২৮/১২/১৪ | নতুন ০৭ তলা ভবন |
| ২৪। | ব্রিগেঃ জেনাঃ রেজুয়ানুল হক চৌধুরী | ১২৪০ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ২৫। | ব্রিগেঃ জেনাঃ গাজী মোঃ ছোলায়মান, এএফডব্লিউসি, পিএসসি | ১২৪১ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ২৬। | উইং কমান্ডার মোহাম্মদ এনামুল হক (অবঃ) | ১২৯৭ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ২৭। | কমান্ডার মোঃ রেজাউল করিম, বিএন | ১৩০০ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ২৮। | (ক) শাহিনা শিউলী<br>স্বামী-শহীদ মেজর মোঃ আজহারুল ইসলাম<br>(খ) মিস আদনিনা ইসলাম<br>(গ) আয়শা ইসলাম (এশা)<br>পিতা-শহীদ মেজর মোঃ আজহারুল ইসলাম | ১৩১৬ | মিরপুর ডিওএইচএস | ২৩/১২/২০১৪ | নতুন ০৭ তলা ভবন |
| ২৯। | মেজর (অবঃ) এম আবুল বাশার | ৪৮৬ | বারিধারা ডিওএইচএস | ২৯/১২/২০১৪ | সংশোধিত ০৭(সাত) তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ ও ৭ম তলা) |
| ৩০। | (ক) জনাব এহসান উদ্দিন আহমেদ<br>(খ) সাবেরা আহমেদ | ১৬/জি | ক্যান্ট বাজার এলাকা | | সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১, ৩, ৪, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭ ও ২৮ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ২৬টি প্লট, ক্রমিক নং-৩০ এ বর্ণিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০১টি প্লটসহ মোট ২৭টি প্লটে ০৭(সাত) তলা নতুন/সংশোধিত ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের নকশা অনুমোদন করা হলো।

(খ) ক্রমিক নং-২, ৫ ও ২৯ এ এ বর্ণিত ০৩(তিন)টি নং প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে। প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

আলোচ্যসূচী-১২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|
| ১। | মহাখালী ডিওএইচএস এলাকার ইস্টার্ণ রোড, ২০ নং রোড, ০১ নং রোড, ০২ নং রোড ও রাওয়া ক্লাব হতে ২১ নং পর্যন্ত রোডের পটহোল মেরামত ও কার্পেটিং কাজকরণ। | ৩,২৯,২৪৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস তহবিল/বোর্ডের স্থানীয় আয় |
| ২। | মহাখালী ডিওএইচএস এলাকায় অবস্থিত পার্কের চতুর্দিকের বাউন্ডারী ওয়াল মেরামত ও রংচুন কাজ এবং ভিতরের নেটের বেড়ায় রংকরণ। | ১,৮২,৭১৭/- | সংশ্লিষ্ট ডিওএইচএস তহবিল/বোর্ডের স্থানীয় আয় |
| ৩। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের দুইটি জেনারেটর সার্ভিসিং এবং সাইলেনচার পাইপ বর্ধিতকরণ কাজ। | ৫০,২৫৮/- | হাসপাতালের মেরামত খাত |
| ৪। | ঢাকা সেনানিবাসের শহীদ জাহাঙ্গীর গেইট সংলগ্ন রাস্তার পূর্ব পার্শ্বে বিউটি স্পট নির্মাণসহ ল্যান্ড স্ক্যাপিং কাজ। | ১২,৯৬,৬৮২/- | বোর্ডের স্থানীয় আয়/ অনুদান |
| ৫। | ১৬ ডিসেম্বর বিজয় দিবস উপলক্ষ্যে রজনীগন্ধা সুপার মার্কেটের শাপলা চত্তরের শাপলা মেরামত ও রংকরণ কাজ। | ৪১,৮৮৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৬। | মিরপুর সেনানিবাসের ফায়ারিং রেঞ্জের পরে ময়লাখানার রাস্তায় রাত্রি বেলায় অন্ধকার থাকায় জিআই পোল দ্বারা নিরাপত্তা বাতি স্থাপন। | ৬,০৫,২৬০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (প্রকল্প) |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। ক্রমিক নং- ৩ ও ৫ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ওটি রুমের দরজা সংস্কার ও মেরামত কাজ। | ২,৪২,৯৪৭/- | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ২,৫৪,৮৫১/৪০ | হাসপাতালের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ২। | মিরপুর ডিওএইচএস এর দক্ষিণ-পশ্চিম পার্শ্বে সিরামিক ওয়াল সংলগ্ন প্লট সমূহের নিরাপত্তা ব্যবস্থা বৃদ্ধির জন্য বাউন্ডারী ওয়াল ও কাটা তারের বেড়া স্থাপন কাজ। | ৬,৮১,৫৮৭/- | মেসার্স মনির এন্ড কোং | ৭,১৪,৬৪৩/৯৬ | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল/বোর্ডের স্থানীয় আয় |
| ৩। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ স্টাফ কোয়ার্টার ইউনিট-১ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের | ৬১,৮৮৪/- | মেসার্স নুর কনস্ট্রাকশন | ৬৪,৯১৬/৩১ | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৪। | মহাখালী ডিওএইচএস এলাকার হযরত কালাশাহ মাজার সিকিউরিটি ব্যারাক ও ইমাম কোয়ার্টারের দেয়াল সংস্কার/সৌন্দর্যবর্ধন ক্ল্যাডিং টাইলস স্থাপন কাজ। | ২১,৭১,৫০৫/- | কনফিডেন্স কনসালটেন্ট এন্ড কনস্ট্রাকশন | ২১,৭১,৫০৫/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৫। | মহাখালী ডিওএইচএস এলাকার ১৯/সি নং রোডের পশ্চিম প্রান্তে মাজার সংলগ্ন পুকুর পাড়ে নির্মাণাধীন পার্কের জন্য হার্ডস্ট্যান্ড নির্মাণ। | ৮,০৬,৭৪৯/- | কনফিডেন্স কনসালটেন্ট এন্ড কনস্ট্রাকশন | ৮,০৬,৭৪৯/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৬। | মহাখালী ডিওএইচএস এলাকার ২৭ নং রোডের (বিআইএস স্কুলের দক্ষিণ পার্শ্বে) জলাবদ্ধতা দূরীকরণের জন্য আউটলেট নির্মাণ কাজ। | ৩৫,৫০৪/- | মেসার্স আলী এন্ড এসোসিয়েটস্ | ৩৫,৫০৪/- | বিবিধ তহবিল |
| ৭। | ঢাকা সেনানিবাসের শহীদ সরণির বিভিন্ন জায়গায় মাটি ভরাট ও ঘাস লাগানো কাজ | ৪,৮০,৮৫৭/- | মেসার্স প্রীতি কনস্ট্রাকশন | ৫,০০,০৯১/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৮। | সিএমএইচ গার্ড রুমের দক্ষিণ হতে নির্মাণাধীন ফুটওভার ব্রীজ পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিক্সা লেনের গাইড ওয়াল নির্মাণ, ভিটি মাটি ভরাটকরণ কাট এবং ফিলিংকরণ ও ফুটপাতের পার্শ্বে বিউটি স্পট তৈরীকরণ কাজ। | ১,২২,০৩৭/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিঃ ওয়ার্কসপ | ১,২৭,০৪০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৯। | শহীদ সরণির এএফআইপি'র মাঠের পশ্চিম পার্শ্বে ম্যানহোল তৈরী, স্ল্যাব বানানো, মাটি ভরাট ও ঘাস লাগানো কাজ। | ২,০২,২৩৩/- | মেসার্স প্রীতি কনস্ট্রাকশন | ২,১০,৩২২/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১০। | ভাষানটেক রাস্তার প্রবেশ মুখ হতে সিএমএইচ গার্ডরুমের দক্ষিণ অংশ পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিক্সা লেনের গাইড ওয়াল নির্মাণ ভিটিমাটি ভরাটকরণ, কাট এবং ফিলিংকরণ ও ফুটপাতের পার্শ্বে বিউটি স্পট তৈরীকরণ কাজ। | ৭৫,০৭৫/- | মেসার্স মনির এন্ড কোং | ৭৮,০৭৮/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১১। | ফ্লাইওভার হতে অফিসার্স মেস পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিক্সা লেনের গাইড ওয়াল নির্মাণ ভিটিমাটি ভরাটকরণ, কাট এবং ফিলিংকরণ ও ফুটপাতের পার্শ্বে বিউটি স্পট তৈরীকরণ কাজ। | ১,২০,৮০২/- | মেসার্স এম এ ওয়াহেদ | ১,২৪,৪২৬/০৬ | বোর্ডের স্থানীয় আয় |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১২। | আর্মি এমপি ইউনিটের ইন গেইট হতে ভাষানটেক রাস্তার প্রবেশ মুখ পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিক্সা লেনের গাইড ওয়াল নির্মাণ ভিটিমাটি ভরাটকরণ, কাট এবং ফিলিংকরণ ও ফুটপাতের পার্শ্বে বিউটি স্পট তৈরীকরণ কাজ। | ৭৪,৭১৯/- | মেসার্স জি এম ট্রেডার্স | ৭৬,২১৩/৩৮ | বোর্ডের স্থানীয় আয় |
| ১৩। | সিএমএইচ নির্মাণাধীন ফুট ওভার ব্রীজ হতে ফ্লাইওভার পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিক্সা লেনের গাইড ওয়াল নির্মাণ ভিটিমাটি ভরাটকরণ, কাট এবং ফিলিংকরণ ও ফুটপাতের পার্শ্বে বিউটি স্পট তৈরীকরণ কাজ। | ৬৪,২৬১/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৬৬,৮৩১/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৪। | অফিসার্স মেস হতে সিগন্যাল গেইট পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিক্সা লেনের গাইড ওয়াল নির্মাণ ভিটিমাটি ভরাটকরণ, কাট এবং ফিলিংকরণ ও ফুটপাতের পার্শ্বে বিউটি স্পট তৈরীকরণ কাজ। | ১,১৭,৭০০/- | মেসার্স খান ট্রেডার্স | ১,২০,০৫৪/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৫। | ব্রডওয়ে বিল্ডিং হতে সেনাকেন্দ্রীয় মসজিদের আউট গেইট পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিক্সা লেনের গাইড ওয়াল নির্মাণ ভিটিমাটি ভরাটকরণ, কাট এবং ফিলিংকরণ ও ফুটপাতের পার্শ্বে বিউটি স্পট তৈরীকরণ কাজ। | ৩,৮০,৭২৯/- | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ৩,৯৫,৯৫৮/১৬ | বোর্ডের স্থানীয় আয় |
| ১৬। | সেনা কেন্দ্রীয় মসজিদের আউট গেইট হতে অফিসার্স ক্লাবের প্রবেশ রাস্তা পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিক্সা লেনের গাইড ওয়াল নির্মাণ ভিটিমাটি ভরাটকরণ, কাট এবং ফিলিংকরণ ও ফুটপাতের পার্শ্বে বিউটি স্পট তৈরীকরণ কাজ। | ১,০৩,৭৯১/- | ফোরওয়েজ ইঞ্জিনিয়ার্স | ১,০৭,৯৪২/৬৪ | বোর্ডের স্থানীয় আয় |
| ১৭। | অফিসার্স ক্লাবের প্রবেশ রাস্তা হতে আর্মি এমপি ইউনিটের ইন গেইট পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিক্সা লেনের গাইড ওয়াল নির্মাণ ভিটিমাটি ভরাটকরণ, কাট এবং ফিলিংকরণ ও ফুটপাতের পার্শ্বে বিউটি স্পট তৈরীকরণ কাজ। | ৭৪,০৯০/- | মেসার্স রোরিনা এন্টরপ্রাইজ | ৭৭,০৫৩/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৮। | বিমান বাহিনী ঘাঁটি বঙ্গবন্ধু এর আবাসিক এলাকাসমূহের চিলড্রেন পার্কে আনুষাংগিক সরঞ্জামাদি সংযোজন এবং মিরপুর ডিওএইচএস এলাকায় শিশুপার্কে খেলনা সামগ্রী স্থাপন। | ৫২,২৩,৬৪৮/- | পেইস ইন্টারন্যাশনাল | ৫২,২৩,৬৪৮/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৯। | মহাখালী ডিওএইচএস এলাকার বিএটিবি এর পূর্বে রোডে তার টেনে নিরাপত্তা বাতি (সেডসহ) স্থাপন, ইস্টার্ণ আরএম পরিবর্তন এবং মহাখালী সংযোগ সড়কে লাইন মেরামতের জন্য পুরাতন পোল স্থাপন। | ২,৭৪,৩৪৬/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ২,৮২,৫৭৬/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল/ বোর্ডের স্থানীয় আয় |
| ২০। | মহাখালী ডিওএইচএস লেক উন্নয়ন কাজ (ল্যান্ড স্ক্যাপিংসহ)। | ১,৮৪,১৭,৩৩৭/- | গার্ডেন সেন্টার | ১,৯২,৪৬,১১৭/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল |
| ২১। | আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এবং সেনাকুঞ্জের সামনে আরসিসি রোড ডিভাইডার উভয় পার্শ্বে এ্যালুমিনিয়াম শীটের রিফ্লেকটিভ হানিকম্ব টেপ সরবরাহ ও স্থাপন। | ৫,৫০,০০০/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ৫,৫০,০০০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ২২। | শহীদ সরণির ১৩ এমপির নিয়ন্ত্রিত এলাকায় ট্রাফিক নিয়ন্ত্রণের লক্ষ্যে এসএস পাইপের ৫০টি সাইন পেন্টিং বোর্ড সরবরাহ ও স্থাপন। | ৯,৬২,৫০০/- | মেসার্স মনির এন্ড কোং | ১০,০১,০০০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ২৩। | বারিধারা ডিওএইচএস ৫ নং লেনের পশ্চিম পাশের শেষ দিকে গাড়ী পার্কিংয়ের জন্য হার্ডস্ট্যান্ড নির্মাণ কাজ। | ৮,৩৪,০০৩/- | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ৮,৭৩,৬১৮/১৪ | বোর্ডের স্থানীয় আয় |
| ২৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং-৬ এর দক্ষিণ পার্শ্বের ড্রেন মেরামত ও স্ল্যাব নির্মাণ কাজ। | ২,৫০,৭৮৩/- | মেসার্স এন এস ট্রেডার্স | ২,৬২,৮২০/৫৮ | ক্যান্ট বাজার এলাকার বিবিধ তহবিল |
| ২৫। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/এ ও ৫ নং রোডের ড্রেন নির্মাণ কাজ। | ৫,৯০,০০০/- | মেসার্স এন এস ট্রেডার্স | ৬,১৮,০২৫/- | ক্যান্ট বাজার এলাকার বিবিধ তহবিল |
| ২৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং-৬ এর উচ্চতা বৃদ্ধিসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ১২,৫৫,০৫৭/- | মেসার্স অতি এন্টারপ্রাইজ | ১৩,১৬,৪২৯/২৯ | ক্যান্ট বাজার এলাকার বিবিধ তহবিল |
| ২৭। | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পরিচালক মহোদয়ের বাসভবন (ঢাকা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬৮/এ নং বাসা) মেরামত ও রক্ষণাবেক্ষণসহ প্রয়োজনীয় ব্যবহার্য সামগ্রী ও আনুষঙ্গিক কাজ। | ১৯,৫৪,৫৪৫/- | মেসার্স আমিন ব্রাদার্স | ১৯,৫৪,৫৪৫/- | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত অবশিষ্ট কাজের দরসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১ ও ৩ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলির ব্যয়ের অনুমোদনসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৪ঃ ঢাকা সেনানিবাসস্থ বিমান বাহিনীর সদর দপ্তর এর দক্ষিণ দিকে প্রধান সড়কে স্থাপনের জন্য স্পিডচেকার বোর্ড এর চাহিদা প্রসংগে বিমান সদর, প্রশাসনিক শাখা, প্রভোষ্ট মার্শাল পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৭ ডিসেম্বর ২০১৪ তারিখের ০৬.০৩.২৬০০.০৪০.৩৬.০৪২.১৪.০০১/৬৯ক নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে স্পীড চেকার বোর্ড ক্রয়ের নিমিত্তে ৫,৫০,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত স্পীড চেকার বোর্ড স্থাপনের ক্ষেত্রে যে স্থানে গাড়ীর গতি বৃদ্ধির প্রবনতা রয়েছে সে স্থানটি যথাযথভাবে চিহ্নিত করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বিমান বাহিনীকে অনুরোধ পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৫ঃ ঢাকা ক্যান্টনমেন্টের অন্তর্গত শহীদ আনোয়ার কলেজ থেকে জাহাঙ্গীর গেইট স্বাধীনতা ভবন পর্যন্ত রাস্তার দুই পার্শ্বস্থ ডেসকোর বৈদ্যুতিক পোল ব্যবহার করে অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন করার অনুমতি প্রসংগে ডিজিটাল কানেকটিভিটি লিমিটেড এর ১০ ডিসেম্বর ২০১৪ তারিখের বিপিএল/ওএসপি/১৪- নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে সেনানিবাসের প্রধান রাস্তায় ওভারহেড ক্যাবল টাঙানোর অনুমতি প্রদান না করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি আবেদনকারীকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-১৬ঃ গত ২৪ সেপ্টেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৫(১৪) এর সিদ্ধান্তের অনবৃত্তিক্রমে মহাখালীস্থ আব্বাস গার্ডেন এর ২ ও ৬ নং প্লটে ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণের সংশোধিত নকশা অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশাটি কারিগরী ভেটিং এর জন্য এমআইএসটি-কে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে। এছাড়াও রাস্তার ক্ষতিপূরণ এবং ডেভলোপারের মাধ্যমে বাড়ী নির্মাণ করা হলে ক্যান্টনমেন্ট বোর্ডের প্রচলিত নিয়ম যথাযথভাবে অনুসরণ করতে হবে।

আলোচ্যসূচী-১৭ঃ মিরপুর ডিওএইচএস এর ৭৩১ নং প্লটের মালিক নওরীন আনোয়ার কর্তৃক নিযুক্তীয় আম-মোক্তার তাঁর পিতা- ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আনোয়ার হোসেন এবং মাতা- কর্ণেল সেলিনা আক্তার এর স্বাক্ষরে উক্ত প্লটের সংশোধিত নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ বিষয়ে অত্র দপ্তরের আইন উপদেষ্টার মতামত গ্রহণ করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতের আলোকে বিস্তারিত আলোচনান্তে প্লট মালিকের স্বাক্ষরযুক্ত নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। আবেদনকারীকে বিষয়টি অবহিত করা হোক।

আলোচ্যসূচী-১৮ঃ রজনীগন্ধা সুপার মার্কেট ও কচুক্ষেত পুরাতন বাজার এলাকার ময়লা সংগ্রহের কাজে নিয়োজিত গাড়ী নম্বর ঢাকা মেট্রো-অ-১১-১৯৮৯ এর জন্য ০১(এক) টি ব্যাটারী এবং মহাখালী ডিওএইচএস এলাকার গাড়ী নম্বর ঢাকা মেট্রো-অ-১১-০০১৪ এর জন্য ০৪(চার)টি টায়ার ক্রয়ের বিষয়ে আলোচনা।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপারমার্কেট এবং কচুক্ষেত পুরান বাজার ও মহাখালী ডিওএইচএস এলাকার ময়লা সংগ্রহের কাজে নিয়োজিত নিম্নবর্ণিত গাড়ীর ব্যাটারী এবং টায়ার ক্রয় করা প্রয়োজনঃ-

| ক্র/নং | গাড়ী নম্বর | টায়ার/ব্যাটারী | পরিমান | দর | মোট টাকা |
|---|---|---|---|---|---|
| ১। | ঢাকা মেট্রো-অ-১১-১৯৮৯ | ব্যাটারী (১২ ভোল্ট ২৭ প্লেট) | ০১টি | ১৭০০০.০০ | ১৭০০০.০০ |
| ২। | ঢাকা মেট্রো-অ-১১-০০১৪ | টায়ার (৭.৫০-১৬) | ০৪টি | ১৭০০০.০০ | ৬৮০০০.০০ |
| | | | | মোট = | ৮৫,০০০.০০ |

বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত গাড়ী দুটির ব্যাটারী এবং টায়ার ক্রয়ের জন্য ৮৫,০০০/-(পচাশি হাজার) টাকা মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-১৯ঃ আর্মি কঞ্জারভেন্সী শাখার ময়লা সংগ্রহের কাজে নিয়োজিত গাড়ী নম্বর ঢাকা মেট্রো-অ-১১-১১২৭ এর জন্য ০২টি টায়ার ও ০১টি ব্যাটারী এবং গাড়ী নম্বর ঢাকা মেট্রো-অ-১১-০৩৫২ এর জন্য ০২(দুই)টি টায়ার ক্রয়ের বিষয়ে আলোচনা।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, আর্মি কঞ্জারভেন্সী শাখার ময়লা সংগ্রহের কাজে নিয়োজিত গাড়ী নম্বর ঢাকা মেট্রো-অ-১১-১১২৭ এর জন্য ০২টি টায়ার ও ০১টি ব্যাটারী এবং গাড়ী নম্বর ঢাকা মেট্রো-অ-১১-০৩৫২ এর জন্য ০২(চার)টি টায়ার ক্রয়ের প্রয়োজন ঃ-

| ক্র/নং | গাড়ী নম্বর | টায়ারের বিবরণ | পরিমান | দর | মোট টাকা |
|---|---|---|---|---|---|
| ১। | ঢাকা মেট্রো-অ-১১-১১২৭ | টায়ার (৭-০০-১৫) | ০২টি | ১৭০০০.০০ | ৩৪০০০.০০ |
| | ঐ | ব্যাটারী (১২ ভোল্ট ২১ প্লেট) | ০১টি | ১৭০০০.০০ | ১৭০০০.০০ |
| ২। | ঢাকা মেট্রো-অ-১১-০৩৫২ | টায়ার (৭-৫০-১৬) | ০২টি | ১৭০০০.০০ | ৩৪০০০.০০ |
| | | | | মোট = | ৮৫,০০০.০০ |

বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত গাড়ী দুটির টায়ার ও ব্যাটারী ক্রয়ের জন্য ৮৫,০০০/-(পচাশি হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২০ঃ নেভী কঞ্জারভেন্সী এলাকার ময়লা সংগ্রহের কাজে নিয়োজিত গাড়ী নম্বর ঢাকা মেট্রো-অ-১১-১২৬৯ এর জন্য ০২টি টায়ার ক্রয়ের বিষয়ে আলোচনা।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, নেভী কঞ্জারভেন্সী এলাকার ময়লা সংগ্রহের কাজে নিয়োজিত গাড়ী নম্বর ঢাকা মেট্রো-অ-১১-১২৬৯ এর জন্য ০২টি টায়ার ক্রয় করা প্রয়োজন ঃ-

| ক্র/নং | গাড়ী নম্বর | টায়ারের বিবরণ | পরিমান | দর | মোট টাকা |
|---|---|---|---|---|---|
| ১। | ঢাকা মেট্রো-অ-১১-১২৬৯ | টায়ার (৭-০০-১৫) | ০২টি | ১৭০০০.০০ | ৩৪,০০০.০০ |

বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত গাড়ীটির টায়ার ক্রয়ের জন্য ৩৪,০০০/-(চৌত্রিশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। নেভী কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২১ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন আবাসিক এলাকার ডাটাবেজ প্রস্তুতের জন্য সফটওয়্যার প্রস্তুতকরণ, হার্ডওয়্যার ক্রয় এবং আউটসোর্সিয়ের মাধ্যেমে ডাটা কালেকশন ও ডাটা এন্ট্রির জন্য ১৪,৫২,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন আবাসিক/বাণিজ্যিক এলাকার হোল্ডিং ট্যাক্স/গৃহকর এর ডাটাবেজ না থাকায় হোল্ডিং ট্যাক্স আদায় ও বকেয়ার সঠিক চিত্র অনেক সময় পাওয়া যায় না। ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ৪টি ডিওএইচএস এবং ক্যান্টনমেন্ট বাজার এলাকা ও কচুক্ষেত এলাকা মিলিয়ে মোট ৩১৮০ টি হোল্ডিংয়ে ২৭৩৫০ টি (কম/বেশী) ফ্ল্যাট রয়েছে। উক্ত হোল্ডিং/ফ্ল্যাটসমূহের ডাটা কালেকশন, ডাটা এন্ট্রি, সফটওয়্যার প্রস্তুত কাজের জন্য সফটওয়্যারের এসআরএস (সফটওয়্যার রিক্যারমেন্ট সিস্টেম) ও ১৪,৫২,০০০/- টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। উল্লেখ্য যে, উক্ত সফটওয়্যারে (১) ওয়েবসাইট প্রস্তুত (২) রেভিনিউ কালেকশন সিস্টেম ও (৩) অন-লাইন পেমেন্ট সিস্টেম নামের ০৩(তিন)টি অংশ রয়েছে। এ প্রসংগে উল্লেখ্য যে, বোর্ডসভার অনুমোদনক্রমে অত্র দপ্তরের ০৬/৭/২০১৩ তারিখের ঢাক্যাবো/পিডব্লিউ/২৯৮/১৩৫ নং পত্রের মাধ্যমে অরেঞ্জ বিডি লিমিটেড-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ওয়েবসাইট ও রেভিনিউ কালেকশন সিস্টেম প্রস্তুত করার জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ক্যান্টনমেন্ট বোর্ডের ওয়েবসাইট প্রস্তুত এর কাজ সম্পন্ন করা হলেও বিভিন্ন কারণে রেভিনিউ কালেকশন সিস্টেম এর অংশটুকু সম্পন্ন হয়নি। এ বাবদ উক্ত প্রতিষ্ঠানকে কোন অর্থও পরিশোধ করা হয়নি। বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত নাগরিক সুবিধা সময়োপযুগী করার জন্য ডাটাবেজ প্রস্তুতের নিমিত্তে প্রয়োজনীয় সফটওয়্যার, ডাটা কালেকশন, ডাটা এন্ট্রি ও হার্ডওয়্যার ক্রয়ের জন্য ১৪,৫২,০০০/- (চৌদ্দ লক্ষ বায়ান্ন হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনসহ উপস্থাপিত এসআরএস (সফটওয়্যার রিক্যারমেন্ট সিস্টেম) অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের দরপত্রসমূহের টেন্ডার ইভ্যালুয়েশন কমিটির সদস্য জনাব মোঃ সোলায়মান মিয়া, সহঃ নির্বাহী প্রকৌশলী অবসরোত্তর ছুটিতে থাকায় তাঁর পরিবর্তে অন্য একজনকে উক্ত কমিটির সদস্য মনোনয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের দরপত্রসমূহের টেন্ডার ইভ্যালুয়েশন কমিটির সদস্য জনাব মোঃ সোলায়মান মিয়া, সহঃ নির্বাহী প্রকৌশলী অবসরোত্তর ছুটিতে থাকায় তাঁর পরিবর্তে উক্ত কমিটিতে অত্র দপ্তরের সহকারী প্রকৌশলী জনাব মোঃ জামাল উদ্দিন খাঁন-কে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৩ঃ এনডিসি'র অফিসার্স আবাসিক এলাকায় শিশুদের খেলার সামগ্রী স্থাপন প্রসংগে ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাসের ০৪ মে, ২০১৪ তারিখের ২৩.১০.৯০২.০০০.০৮.১৫৪.০১.০৪.০৫.১৪ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, এনডিসি'র উল্লেখিত আবাসিক এলাকার নিকটে এমআইএসটি এর জন্য আবাসিক ভবন নির্মাণ করা হবে। উক্ত আবাসিক ভবনসমূহের স্থান নির্বাচনের আলোকে খেলনা সামগ্রী স্থাপনের স্থান নির্বাচন করে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ০৩(তিন)টি প্রতিষ্ঠানকে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, নিম্নবর্ণিত ০৩(তিন)টি প্রতিষ্ঠান ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদন করেছেনঃ-

| ক্র/নং | ফার্ম ও স্বত্ত্বাধিকারীর নাম | ফার্মের ঠিকানা | আবেদনের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | মেসার্স স্কাই লার্ক ট্রেড লিংক প্রোঃ- নেছার আহমেদ চৌধুরী | চান্দ ম্যানশন (৭ম তলা), ৬৬ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০। | ১১/১২/২০১৪ ইং | ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, ইনকাম ট্যাক্স, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেটসহ অন্যান্য চাহিত কাগজপত্রাদি জমা করা হয়েছে। এমইএস (নেভী) এ তালিকাভুক্ত 'ডি' শ্রেণীর ঠিকাদার |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | মেসার্স জাইরো এন্টারপ্রাইজ<br>প্রোঃ- মোঃ আব্দুল মান্নান | বাড়ী#৯৯৭/২, দক্ষিণ ইব্রাহীমপুর, ঢাকা ক্যান্টঃ, ঢাকা-১২০৬। | ২৩/১২/২০১৪ ইং | ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, ইনকাম ট্যাক্স সার্টিফিকেটসহ অন্যান্য চাহিত কাগজপত্রাদি জমা করা হয়েছে। |
| ৩. | মেসার্স ইমন ট্রেডার্স<br>প্রোঃ- মোঃ শহিদুল ইসলাম | বাড়ী#১৪, শাহ মখদুম রোড, সেক্টর#১১, উত্তরা, ঢাকা। | ২৯/১২/২০১৪ ইং | ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, ইনকাম ট্যাক্স, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেটসহ অন্যান্য চাহিত কাগজপত্রাদি জমা করা হয়েছে। এমইএস (বিমান) এ তালিকাভূক্ত 'ডি' শ্রেণীর ঠিকাদার |

বিস্তারিত আলোচনান্তে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে উপরোল্লিখিত প্রতিষ্ঠানগুলোকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৫ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে কাঁচা মালের আড়ৎ স্থানের নিমিত্তে বরাদ্দকৃত সবজির আড়ৎ নির্মাণের মৌখিক স্থগিত আদেশ প্রত্যাহার করে পুনরায় নির্মাণের আদেশ পাওয়ার আবেদন প্রসংগে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৯ ডিসেম্বর, ২০১৪ তারিখের ৬১২/১/এ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ০৩ ডিসেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৮ এর মাধ্যমে গঠিত কমিটি এ বিষয়ে একটি প্রতিবেদন দাখিল করবেন। উক্ত প্রতিবেদনের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৬ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্লট নং ২৩/বি এর অনুকূলে একমাত্র প্রবেশ পথের জন্য ১৯/৯/১৯৭০ ইং সনের বরাদ্দকৃত জমির মূল্য পুনঃনির্ধারণপূর্বক ইজারা মূল্য গ্রহণ প্রসংগে স্টেশন দপ্তর, ঢাকা সেনানিবাসের ২২ ডিসেম্বর, ২০১৪ তারিখের ৬০৫/১/এ নং পত্রের সাথে সংযুক্ত মিসেস ফজিলাতুননেছা এর পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সরেজমিন পরিদর্শনপূর্বক বিষয়টি আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৭ বিবিধ-১ঃ রিকশার নম্বর প্লেট তৈরীর নিমিত্তে মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়াকশপ কর্তৃক দাখিলকৃত ৪৫,২৪০/- টাকার সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রিকশার নম্বর প্লেট তৈরীর নিমিত্তে গত ১৮ অক্টোবর ২০১৪ তারিখে দরপত্র আহবান করা হলে মোট ০৩ (তিন) টি পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ, প্রোঃ- জনাব মোঃ চাঁন মিয়া, সি-২২৮, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক (মোট ১১৪৫টি রিকশা নম্বর প্লেট তৈরী, রংকরণ, লিখন ও নাম্বারিং করার জন্য) প্রদত্ত ৪৫,২৪০/-(পঁয়তাল্লিশ হাজার দুইশত চল্লিশ) টাকার দরটি সর্বনিম্ন হয়। বিস্তারিত আলোচনান্তে মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ কর্তৃক দাখিলকৃত ৪৫,২৪০/- (পঁয়তাল্লিশ হাজার দুইশত চল্লিশ) টাকার দরটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। রাজস্ব শাখার নৈমিত্তিক খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

২৭ বিবিধ-২ঃ মহাখালী ডিওএইচএস এলাকার প্লট নং- ১৭৯, রোড নং-২ এর মালিক ও ডেভলোপার এর মধ্যে সৃষ্ট জটিলতা নিরসনকল্পে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৩ ডিসেম্বর, ২০১৪ তারিখের ৬০৫/১/এ নং পত্রের সাথে প্রাপ্ত তারিক বিন শামীম ইবনে আমির এর ২১/১২/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য বিষয়টি ডিওএইচএস আর্বিট্রেশন কমিটিতে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। আবেদনকারীকে বিষয়টি অবহিত করা হোক।

২৭ বিবিধ-৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| *ক্রমিক নং* | *কাজের নাম* | *মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা)* | *ব্যয়ের খাত* |
|---|---|---|---|
| ১। | সেনাপল্লী হাই স্কুলের বাউন্ডারী ওয়ালের উপর কাঁটা তার স্থাপন, গেট নির্মাণ ও সেপটিক নির্মাণ কাজ। | ৭,৮৭,৫৪০/- | সংশ্লিষ্ট বিদ্যালয় তহবিল |
| ২। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপে রোড নং-৩৮, ৩৮/বি, ৩৮/সি, ৩৯, ৪০, ৪৪, ৪৫, ৪৬ ও ৪৭ নং রোডে তার টেনে নিরাপত্তা বাতি স্থাপন কাজ। | ৭,৯৫,৫৮০/- | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ৩। | ২৫ ফেব্রুয়ারি, ২০১৫ উপলক্ষে বনানী সামরিক কবরস্থানের প্রয়োজনীয় মেরামত ও রংচুনার কাজ। | ৩,২১,৯৮৪/- | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৭ বিবিধ-৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৫ নং রোডের ৩ নং পানির পাম্প এবং ০১ নং রোডের ০৪ নং পানির পাম্প হাউজের জন্য গ্যাসের লাইন সংযোগ ও স্থাপন কাজ। | ৮৫,৪৮৬/- | মেসার্স খান ট্রেডার্স | ৮৮,০৫০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (পানি সরবরাহ) |
| ২। | হাজী মহসিন মেস 'বি' সংলগ্ন রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার পর্যন্ত রাস্তার (পুরাতন এমপি চেকপোষ্ট) পটহোল মেরামতকরণ। | ৯৫,২০০/- | মেসার্স মনির এন্ড কোং | ৯৮,৯৯৮/৪৮ | রাস্তাঘাট মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৩। | সশস্ত্র বাহিনী দিবস-২০১৪ উপলক্ষে আর্মি এমপি ইউনিট এবং ১৩ এমপি ইউনিটের রং সরবরাহ ও সেনাকুঞ্জের আউট গেইট সংলগ্ন স্লাব মেরামত কাজ। | ৬৭,৫০০/- | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ৭০,২০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত অবশিষ্ট কাজের দরসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১, ২ ও ৩ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

২৭ বিবিধ-৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রথম শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স নাসিম কনস্ট্রাকশন এর তালিকাভুক্তি বাতিলসহ জমাকৃত নিরাপত্তা জামানত ফেরত প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মেসার্স নাসিম কনস্ট্রাকশন এর স্বত্ত্বাধিকারীর আবেদনের প্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠানকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রথম শ্রেণীর ঠিকাদার হতে তালিকাভুক্তি বাতিলের সিদ্ধান্ত গৃহীত হলো। বোর্ডের অন্য কোন পাওনা না থাকলে জমাকৃত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার নিরাপত্তা জামানত ফেরত প্রদান করা হোক।

২৭ বিবিধ-৬ঃ ঢাকা সেনানিবাসের অভ্যন্তরে মিরপুর-১৪ এ অবস্থিত নৌ বাহিনীর নাবিক কলোনীর শিশু পার্কে যুগোপযোগী খেলাধুলার সামগ্রী সংযোজন এবং সৌন্দর্য বৃদ্ধি প্রসংগে বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাসের ০১ জানুয়ারি, ২০১৫ তারিখের ০৬.০২.২৬০৮.২১১.০৬.১১৪.১৫.১৬ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত মূল্যানুমান প্রস্তুত করে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৭ বিবিধ-৭ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের সার্জনদের ব্যবহারের জন্য সার্জন গাউন- ৩০টি, নিমা- ৩০টি, পায়জামা- ৩০টি, মাস্ক- ৫০টি, টুপি- ৫০টি, ওটি ড্রশীট- ১০০ পিস ও গজ রাবার শীট ক্রয়ের বিষয়ে ভারপ্রাপ্ত চীফ মেডিক্যাল অফিসারের ২৭/১০/২০১৪ তারিখের সিজিএইচ/বহি/১৭৫ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ চাহিদাকৃত দ্রব্যাদি ক্রয়ের নিমিত্তে ১,৪০,০০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

২৭ বিবিধ-৮ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | (ক) হাসিনা মমতাজ (ঝুমা)<br>স্বামী- শহীদ কর্ণেল সামসুল আরেফিন আহমেদ, পিএসসি<br>(খ) আসিমা ইসরাত<br>পিতা- শহীদ কর্ণেল সামসুল আরেফিন আহমেদ, পিএসসি<br>(গ) রামিসা ফারিহা<br>পিতা- শহীদ কর্ণেল সামসুল আরেফিন আহমেদ, পিএসসি | ৭৯৭ | মিরপুর ডিওএইচএস | | ০৭(সাত) তলা নতুন ভবন |
| ২। | (ক) শিরীন আক্তার<br>স্বামী- শহীদ মেজর মোঃ খালিদ হোসেন<br>(খ) অরিহা হোসেন সেমন্তী<br>পিতা- শহীদ মেজর মোঃ খালিদ হোসেন | ৮৩৪ | মিরপুর ডিওএইচএস | | ০৭(সাত) তলা নতুন ভবন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩। | উইং কমান্ডার মোঃ সাইফুল ইসলাম (অবঃ) | ৮৪৯ | মিরপুর ডিওএইচএস | | ০৭(সাত) তলা নতুন ভবন |
| ৪। | মেজর (অবঃ) মনিরুজ্জামান চৌধুরী, ই বেঙ্গল | ৮৫৫ | মিরপুর ডিওএইচএস | | ০৭(সাত) তলা নতুন ভবন |
| ৫। | ব্রিগেঃ জেনাঃ এ বি এম সিদ্দীকুর রহমান | ৯৬৯ | মিরপুর ডিওএইচএস | | ০৭(সাত) তলা নতুন ভবন |
| ৬। | (ক) ডাঃ সাইদা সুলতানা<br>স্বামী- শহীদ ব্রিগেঃ জেনাঃ মোঃ জাকির হোসেন<br>(খ) সাদিয়া হোসেন<br>(গ) সামিয়া হোসেন<br>(ঘ) সাকিব হোসেন<br>সর্বপিতা- শহীদ ব্রিগেঃ জেনাঃ মোঃ জাকির হোসেন | ১০২৩ | মিরপুর ডিওএইচএস | | ০৭(সাত) তলা নতুন ভবন |
| ৭। | মেজর (অবঃ) এম আই এম হাসানুজ্জামান | ১০৪৫ | মিরপুর ডিওএইচএস | | ০৭(সাত) তলা নতুন ভবন |
| ৮। | জনাব খোন্দকার মঈনুল ইসলাম<br>সহঃ নির্বাহী প্রকৌশলী, বি/আর | ১১৯৪ | মিরপুর ডিওএইচএস | | ০৭(সাত) তলা নতুন ভবন |
| ৯। | গ্রুপ ক্যাপ্টেন ফুয়াদ মনসুর মুহাম্মদ আলী (অবঃ) | ১২৪৭ | মিরপুর ডিওএইচএস | | ০৭(সাত) তলা নতুন ভবন |
| ১০। | জনাব এম রাফি আল বাশার<br>সহঃ নির্বাহী প্রকৌশলী, বি/আর | ১২৬১ | মিরপুর ডিওএইচএস | | ০৭(সাত) তলা নতুন ভবন |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view-তে এমইও, কেন্দ্রীয় সার্কেল এর ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১ হতে ১০ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ১০টি প্লটে ০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হলো।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে। প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

২৭ বিবিধ-৯ঃ বারিধারা ডিওএইচএস এর ৪৬৫ নং প্লটে নির্মিত বাড়ীর ৩য় তলার গৃহকর মওকুফের বিষয়ে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ২৪ ডিসেম্বর, ২০১৪ তারিখের ৬৫/৪/এ নং পত্রের সাথে সংযুক্ত বিএ-২৭১৮ মেজর জাহিদ হোসেন খান (অবঃ) এর আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বিএ-২৭১৮ মেজর জাহিদ হোসেন খান (অবঃ) দুর্ঘটনায় পতিত হয়ে দীর্ঘদিন অসুস্থ্য থাকার পর বর্তমানে স্বাস্থ্যগত কারণে কর্মহীন অবস্থায় আর্থিকভাবে অনটনের মধ্যে অবসর জীবন যাপন করছেন। বিস্তারিত আলোচনান্তে উক্ত ফ্ল্যাটের গৃহকর নির্ধারিত করের ৫০% হারে ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি আবেদনকারীকে অবহিত করা হোক।

২৭ বিবিধ-১০ঃ রজনীগন্ধা টাওয়ার এর দোকান হস্তান্তরের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, গত ১৭ নভেম্বর, ২০১৪ তারিখে রজনীগন্ধা টাওয়ার আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে। উক্ত মার্কেটের ১৫৪ টি দোকান/ডাক্তার চেম্বার/অফিস স্পেস এর মধ্যে ১২৭ টি ইতোমধ্যে ইজারা প্রদান করা হয়েছে। ইজারা প্রদত্ত দোকানের মধ্যে ৬৬ টি দোকান ইজারার সমুদয় অর্থ পরিশোধ করায় পজেশন হস্তান্তর করা হয়েছে। ইজারা গ্রহীতাদের মধ্যে অনেকেই ইজারার অবশিষ্ট অর্থ কিস্তিতে পরিশোধের সুযোগ প্রদান এবং পজেশন হস্তান্তরের অনুরোধ জানিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত শর্তে রজনীগন্ধা টাওয়ার এর দোকান মালিকদের নিকট পজেশন হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) মোট সালামীর ৭৫% পরিশোধ করতে হবে;

(খ) সালামীর অবশিষ্ট ২৫% অর্থ ৯০(নব্বই) দিনের মধ্যে পরিশোধ করতে হবে;

(গ) সমুদয় অর্থ পরিশোধের পর দখল হস্তান্তরের তারিখ হতে বরাদ্দপত্র এবং ইজারা চুক্তি সম্পাদন করা হবে।

২৭ বিবিধ-১১ঃ রজনীগন্ধা টাওয়ারের ল্যাব-১ (৬ষ্ঠ তলা) এক্সরে মেশিন ও ল্যাবের অন্যান্য ইকুইপমেন্ট স্থাপনের জন্য ল্যাবের আভ্যন্তরীন পার্টিশন করার অনুমোদন প্রসংগে ব্রিগেঃ জেনাঃ মোঃ আমজাদ হোসেন ফকির এর ৩০ ডিসেম্বর, ২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা টাওয়ার এর ৬ষ্ঠ তলার ল্যাব-১ এর বরাদ্দ গ্রহীতা ব্রিগেঃ জেনাঃ মোঃ আমজাদ হোসেন ফকির কর্তৃক উক্ত ল্যাবে বিভিন্ন মেডিক্যাল ইকুইপমেন্ট স্থাপনের নিমিত্তে নিজ খরচে আভ্যন্তরীন পার্টিশন প্রদানের জন্য আবেদনের সাথে লে-আউট প্ল্যান দাখিল করেছেন। বিস্তারিত আলোচনান্তে আভ্যন্তরীন পার্টিশনের জন্য দাখিলকৃত নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে নতুন করে কোন টয়লেট নির্মাণ করা যাবে না।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮.০১.২০১৫

*( মোঃ রেজাউল ইসলাম )*
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

৮/১/২০১৫

*(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)*
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

পরিশিষ্ট-'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন মীর এরশাদ আলী (জি), পিএসসি, বিএন<br>অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | স্কোয়াড্রন লিডার সাব্বির আহমেদ খান, পিএসসি<br>প্রতিনিধি<br>অধিনায়ক, বিএএফ বেসবাশার, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | কর্ণেল মোস্তাফিজুর রহমান<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | মেজর মোঃ মুর্শেদুর রহমান ইসহাক<br>স্টেশন হেলথ অফিসার<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহমেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |
| (৭) | জনাব মোঃ মাহবুব জামিল<br>সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |